



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং ৪- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০৪০

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
০২ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে স্ব-শরীরে ভর্তির সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা পর্যায়ে শিক্ষাক্রমে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ১ম পর্বে ভর্তি কার্যক্রম আগামী ০৪ এপ্রিল, ২০২২ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত বর্ধিত করা হলো।

বর্ধিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ শিক্ষার্থীর নিশ্চায়ন বাতিল বলে গন্য হবে এবং ০৪ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখের রাত ১২.০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক ভর্তির ওয়েবসাইটে লিংকের মাধ্যমে শিক্ষার্থীর অনুপস্থিত তালিকা প্রেরণ করতে হবে। অনুপস্থিত তালিকা প্রেরণের পূর্বে শিক্ষার্থীর প্রদেয় মোবাইল নম্বরে যোগাযোগ করে ভর্তির বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। অনুপস্থিত তালিকা যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ করতে হবে। অন্যথায় যেকোন ভুলের কারণে শিক্ষার্থী ভর্তি বাতিল হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, প্রতিষ্ঠান কর্তৃক অনুপস্থিত তালিকা প্রেরণের পর উক্ত খালি আসনসমূহে আগে আসলে আগে পাবে (First Come, First Serve) ভিত্তিতে আগামী ০৬ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখ হতে ভর্তি কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে বিস্তারিত (www.bteb.gov.bd ও www.btebadmission.gov.bd) ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং ৪- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০৪০ (১৩)

তারিখ: ০২ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার বিত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, কৃষি অধিদপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বন অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মৎস অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, প্রানীসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৮। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
- ৯। পরিচালক, আইআইসিটি, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পলাশী, ঢাকা।
- ১০। অধ্যক্ষ.....।
- ১১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। চেয়ারম্যান মহোদয়ে ব্যক্তিগত কর্মকর্তা।
- ১৩। অফিস নথি।

০২.০৪.২২ খ্রি.

(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোকঃ)

ও

ভর্তি শাখা (অতিঃ দাঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।